

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
www.molwa.gov.bd


নম্বর: ৪৮.০০.০০০০.০০২(বা).০৩৪.০১৩.১৫-৪৩৩

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৪  
২৩ আগস্ট ২০১৭

বিষয়: বীরঙ্গনা মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার বীরঙ্গনাদের যথাযথ মর্যাদায় অধিষ্ঠিত করার লক্ষ্যে তাঁদের অনুকূলে বীরঙ্গনা গেজেট প্রকাশ করেছে। বীরঙ্গনা মুক্তিযোদ্ধারা যেন কোন অবস্থাতেই তাঁদের প্রাপ্য অধিকার হতে বঞ্চিত না হয় সে লক্ষ্যে এ সরকার বন্ধপরিকর। এরই ধারাবাহিকতায় বীরঙ্গনা মুক্তিযোদ্ধাদের অনুকূলে গেজেট প্রকাশের সঙ্গে সঙ্গে তাঁদের অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা'র বরাদ্দ প্রদান করা হচ্ছে। এতদসত্ত্বেও দেশের বিভিন্ন স্থান হতে অভিযোগ পাওয়া যাচ্ছে 'বীরঙ্গনা গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা হওয়া এবং সম্মানী ভাতা প্রাপ্তির আবেদন করার পরও মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পাচ্ছেন না'।

০২। এমতাবস্থায়, বীরঙ্গনা গেজেটভুক্ত মুক্তিযোদ্ধাদের অনুকূলে বরাদ্দকৃত অর্থের সুষ্ঠু ব্যবহার এবং যে সকল বীরঙ্গনা গেজেটভুক্ত মুক্তিযোদ্ধাদের অনুকূলে এখনও বরাদ্দ পাওয়া যায়নি তাঁদের গেজেট এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.molwa.gov.bd) রক্ষিত সফটকপি যাচাইয়াস্তে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় বরাদ্দ গ্রহণসাপেক্ষে জুলাই ২০১৭ থেকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান নিশ্চিতকরণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ শফিকুল ইসলাম)  
উপসচিব  
ফোন: ৯৫৫০১৩৩

- ১। জেলা প্রশাসক (সকল)  
জেলা: .....
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)  
উপজেলা: ....., জেলা: .....

অনুলিপি:

- ১। বিভাগীয় কমিশনার (সকল), ..... বিভাগ .....
- ২। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।